

যুগান্তর

৩৫ দিনেও ভিসি পায়নি রুয়েট

পাস হয়নি বাজেট

প্রকাশ : ০২ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 রাবি প্রতিনিধি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ভিসির মেয়াদ শেষ হওয়ার ৩৫ দিন পার হলেও এ পদে কাউকে নিয়োগ করা হয়নি। এছাড়া গত সাড়ে চার বছর শূন্য রয়েছে প্রোভিসির পদটি। ফলে শীর্ষ দুই পদের শূন্যতায় অভিভাবকহীন হয়ে পড়েছে প্রায় সাড়ে তিনি হাজার শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়টি। প্রশাসনিক কার্যক্রমে চরম স্থিতিতে সৃষ্টি হয়েছে। জুন মাসের বেতন-ভাতা তুলতে পারেননি শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীরা। চরম ভোগান্তি পোহাতে হচ্ছে ক্যাম্পাস সংশ্লিষ্টদের। রুয়েট রেজিস্ট্রার দফতর থেকে ভিসির মেয়াদ শেষ এবং কার্যক্রমে স্থিতিতে বিষয়টি জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে ৪ দফা চিঠি দেয়া হলেও কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তবে শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব নাম প্রকাশ না করার শর্তে যুগান্তরকে জানিয়েছেন, ‘যাচাই-বাচাই চলছে। বেশ কয়েকজন সিনিয়র শিক্ষকের বায়োডাটা প্রধানমন্ত্রী যাচাই করছেন। উনি গ্রিন সিগন্যাল দিলে রাষ্ট্রপতি দফতর থেকে ভিসি নিয়োগের প্রজ্ঞাপন মন্ত্রণালয়ে আসবে’।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।